# বাংলাদেশ পল্লী উন্নয়ন একাডেমি

কোটবাড়ি, কুমিল্লা

**নৈতিকতা কমিটির তৃতীয় সভার বিজ্ঞপ্তি**

তারিখঃ ২২/০৩/২০২০

বাংলাদেশ পল্লী উন্নয়ন একাডেমি (বার্ড) এর শুদ্ধাচার কৌশল কর্মপরিকল্পনা ২০২০-২০২১ অনুযায়ী অর্থবছরের তৃতীয় প্রান্তিকে (অক্টোবর-ডিসেম্বর ২০২০) নৈতিকতা কমিটির একটি সভা করার বাধ্যবাধকতা রয়েছে। সে লক্ষ্যে, জাতীয় শুদ্ধাচার কৌশল বাস্তবায়নের লক্ষ্যে বার্ডে গঠিত নৈতিকতা কমিটির তৃতীয় সভা আগামী ২৫/০৩/২০২১ খ্রিস্টাব্দ (বৃহস্পতিবার) বিকাল ০৩:০০ টায় মহাপরিচালক, বার্ড মহোদয়ের সভপতিত্বে তাঁর অফিস কক্ষে নিম্নোল্লিখিত আলোচ্যসূচি অনুযায়ী অনুষ্ঠিত হবে।

১। বিগত সভার কার্যবিবরণী পর্যালোচনা;

২। একাডেমির শুদ্ধাচার কৌশল কর্মপরিকল্পনা ২০২০-২০২১ অনুযায়ী আলোচনা;

৩। বিবিধ।

উক্ত সভায় নৈতিকতা কমিটির সকল সদস্যদের উপস্থিত থাকার জন্য নির্দেশক্রমে অনুরোধ করা হলো।

22/03/2021

(আবদুল্লাহ আল হুসাইন)
উপ-পরিচালক (পল্লী অর্থনীতি)
এবং
সদস্য সচিব, নৈতিকতা কমিটি ও শুদ্ধাচার
ফোকাল পয়েন্ট

**বিতরণ:**

৪. কমিটির সকল সদস্য, বার্ড।

৫. মহাপরিচালকের ব্যক্তিগত সহকারী-মহাপরিচালক মহোদয়ের সদয় অবগতির জন্য।

৬. অফিস কপি।

বাংলাদেশ পল্লী উন্নয়ন একাডেমি

কোটবাড়ী, কুমিল্লা।

**জাতীয় শুদ্ধাচার কৌশল বাস্তবায়নের লক্ষ্যে বার্ডে গঠিত নৈতিকতা কমিটির তৃতীয় সভার কার্যবিবরণী**

তারিখ: ২৫ মার্চ ২০২১ খ্রিস্টাব্দ
সময়: বিকাল ০৩:০০ টা
স্থান: মহাপরিচালক মহোদয়ের অফিস কক্ষ

**সভাপতিঃ জনাব মোঃ শাহজাহান, মহাপরিচালক, বার্ড।**

**উপস্থিত সদস্যবৃন্দ:**

১। মোঃ সফিকুল ইসলাম, পরিচালক (পল্লী অর্থনীতি ও ব্যবস্থাপনা), বার্ড;
২। জনাব রঞ্জন কুমার গুহ, যুগ্ম পরিচালক (প্রশিক্ষণ);
৩। জনাব আবদুল্লাহ আল হুসাইন, উপ-পরিচালক (পল্লী অর্থনীতি);
৪। জনাব আবু তালেব, উপ-পরিচালক (উন্নয়ন যোগাযোগ), বার্ড;
৫। জনাব ফারুক হোসেন, সহকারী পরিচালক (ক্রীড়া), বার্ড।

বাংলাদেশ পল্লী উন্নয়ন একাডেমি (বার্ড) এর শুদ্ধাচার কৌশল কর্মপরিকল্পনা ২০২০-২০২১ অনুযায়ী অর্থবছরের তৃতীয় প্রান্তিকে নৈতিকতা কমিটির একটি সভা করার বাধ্যবাধকতা রয়েছে। জাতীয় শুদ্ধাচার কৌশল বাস্তবায়নের লক্ষ্যে বার্ডে গঠিত নৈতিকতা কমিটির তৃতীয় সভা গত ২৫/০৩/২০২১ খ্রিস্টাব্দ বিকাল ০৩:০০ টায় মহাপরিচালক, বার্ড মহোদয়ের সভপতিত্বে তাঁর অফিস কক্ষে অনুষ্ঠিত হয়। মহাপরিচালক, বার্ড এবং নৈতিকতা কমিটির সভাপতি উপস্থিত সকল সদস্যকে শুভেচ্ছা জানিয়ে সভার কাজ শুরু করেন। অতঃপর তিনি গত ২৮/১২/২০২০ তারিখে অনুষ্ঠিত কমিটির দ্বিতীয় সভার কার্যবিবরণী পঠন শেষে কমিটির সকল সদস্যদের সম্মতিতে তা অনুমোদন করেন। একই সাথে মহাপরিচালক মহোদয় পূর্ববর্তী সভায় গৃহীত সিদ্ধান্তসমূহের বাস্তবায়ন অগ্রগতি পর্যালোচনা করেন। অতঃপর তিনি কমিটির সদস্য-সচিব এবং শুদ্ধাচার ফোকাল পয়েন্ট জনাব আবদুল্লাহ আল হুসাইন-কে বার্ডের শুদ্ধাচার কৌশল কর্মপরিকল্পনা ২০২০-২০২১ অনুযায়ী আলোচনা শুরু করার আহ্বান জানান। জনাব আবদুল্লাহ আল হুসাইন বার্ডের অনুমোদিত শুদ্ধাচার কৌশল কর্মপরিকল্পনা ২০২০-২০২১ এর প্রযোজ্য কার্যক্রম অনুযায়ী আলোচনার বিষয়সমূহ উপস্থাপন করেন। বিশদ আলোচনা এবং সম্মানিত সদস্যদের মতামতের প্রেক্ষিতে তৃতীয় সভায় নিম্নোক্ত সিদ্ধান্তসমূহ গ্রহণ করা হয়ঃ

| শুদ্ধাচার কৌশল কর্মপরিকল্পনা ২০২০-২০২১ এ বর্ণিত কার্যক্রমের অনুক্রম ও নাম | সভার আলোচনা ও গৃহীত সিদ্ধান্ত | দায়িত্বপ্রাপ্ত কর্মকর্তা/বিভাগ/শাখা |
|---|---|---|
| ৩.২। বার্ডের যানবাহন ব্যবহার নীতিমালার খসড়া প্রণয়ন | গত ২৪ ফেব্রুয়ারি ২০২১ তারিখের মধ্যে প্রশাসন বিভাগের দায়িত্বে বার্ডের যানবাহন ব্যবহার নীতিমালার একটি খসড়া প্রণয়ন করার লক্ষ্যমাত্রা ছিল। সময়সীমা শেষ হওয়ার পূর্বেই যানবাহন ব্যবহার নীতিমালার খসড়া প্রণয়ন করা হয়েছে। আগামী ৩০/০৬/২০২১ এর মধ্যে উক্ত নীতিমালা চূড়ান্ত করা হবে। | যুগ্ম-পরিচালক (সাধারণ প্রশাসন) |
| ৮.৬। প্রাতিষ্ঠানিক গণশুনানি আয়োজন | শুদ্ধাচার কৌশল কর্মপরিকল্পনা ২০২০-২০২১ অনুযায়ী ৪র্থ প্রান্তিকে (এপ্রিল-জুন ২০২১) একটি প্রাতিষ্ঠানিক গণশুনানি আয়োজনের লক্ষ্যমাত্রা রয়েছে। উল্লিখিত গণশুনানী একাডেমীর রক্ষণাবেক্ষণ শাখার সেবা ও কার্যক্রমের উপর আয়োজন করার সিদ্ধান্ত গৃহীত হয়েছে। প্রশাসন বিভাগ যথাসময়ে তা আয়োজনের ব্যবস্থা গ্রহণ করবে। | যুগ্ম-পরিচালক (সাধারণ প্রশাসন) |
| ৯.২। সকল শাখায় ই-ফাইলিং চালুকরণ | বার্ডের সকল শাখায় ই-ফাইলিং পদ্ধতি চালু আছে। ই-ফাইলিং এর গত তরান্বিত করার ব্যবস্থা গ্রহণের জন্য সংশ্লিষ্টদের অনুরোধ করা হবে। | যুগ্ম-পরিচালক (উন্নয়ন যোগাযোগ) |

| শুদ্ধাচার কৌশল কর্মপরিকল্পনা ২০২০-২০২১ এ বর্ণিত কার্যক্রমের অনুক্রম ও নাম | সভার আলোচনা ও গৃহীত সিদ্ধান্ত | দায়িত্বপ্রাপ্ত কর্মকর্তা/বিভাগ/শাখা |
|---|---|---|
| ৯.৫। বিদ্যুৎ, পানি ও জ্বালানীর (তেল/গ্যাস) সাশ্রয়ী/সর্বোত্তম ব্যবহার নিশ্চিতকরণ | বিদ্যুৎ, পানি ও জ্বালানীর (তেল/গ্যাস) সাশ্রয়ী/সর্বোত্তম ব্যবহার নিশ্চিতকরণে রক্ষণাবেক্ষণ শাখা যথাযথ ব্যবস্থা গ্রহণ করবে। বিদ্যুৎ, পানি ও জ্বালানীর (তেল/গ্যাস) অপচয় রোধে প্রশাসন বিভাগ সময়ে সময়ে বিজ্ঞপ্তি জারির মাধ্যমে সকলকে উদ্বুদ্ধ করবে। | পরিচালক (প্রশাসন); সহকারী প্রকৌশলী |
| ১০.১। শুদ্ধাচার পুরস্কার প্রদান এবং পুরস্কারপ্রাপ্তদের তালিকা ওয়েবসাইটে প্রকাশ | আগামী ১৮/০৫/২০২১ তারিখের মধ্যে উল্লিখিত পুরস্কার প্রদান করে পুরস্কারপ্রাপ্তদের তালিকা ওয়েবসাইটে প্রকাশ করতে হবে। শুদ্ধাচার পুরস্কারের জন্য কর্মকর্তা-কর্মচারী মনোনয়ন থেকে শুরু করে নির্বাচন প্রক্রিয়া যথা সময়ে শুরু করার জন্য সংশ্লিষ্ট কমিটিকে অনুরোধ করা হবে। | পরিচালক (প্রশাসন) |
| ১২.১। শুদ্ধাচার কর্ম-পরিকল্পনায় অর্ন্তভুক্ত বিভিন্ন কার্যক্রম বাস্তবায়নের জন্য বরাদ্দকৃত অর্থের আনুমানিক পরিমাণ | ২০২০-২০২১ অর্থবছরে এ সংক্রান্ত কাজের জন্য ১ (এক) লক্ষ টাকা বরাদ্দ আছে। ৪র্থ কোয়ার্টারে বরাদ্দকৃত অর্থ নৈতিকতা কমিটির সাথে পরামর্শক্রমে ব্যয় করার ব্যবস্থা গ্রহণ করতে হবে। | হিসাব রক্ষণ কর্মকর্তা |

অতঃপর আর কোন আলোচ্যসূচী না থাকায় সকলকে ধন্যবাদ জানিয়ে সভার সমাপ্তি ঘোষণা করা হয়।

২৫/০৫/২০২১
(আবদুল্লাহ আল হুসাইন)
উপ-পরিচালক (পল্লী অর্থনীতি) এবং
সদস্য-সচিব, নৈতিকতা কমিটি

২৫/০৫/২১
(মোঃ শাহজাহান)
মহাপরিচালক, বার্ড এবং
সভাপতি, নৈতিকতা কমিটি

**বিতরণ**

১. কমিটির সকল সদস্য, বার্ড;
২. সংশ্লিষ্ট কর্মকর্তাগণ;
৩. মহাপরিচালকের ব্যক্তিগত সহকারী—মহাপরিচলক মহোদয়ের সদয় অবগতির জন্য;
৪. অতিরিক্ত মহাপরিচালকের ব্যক্তিগত সহকারী-অতিরিক্ত মহাপরিচালক মহোদয়ের সদয় অবগতির জন্য;
৫. অফিস কপি।

# বাংলাদেশ পল্লী উন্নয়ন একাডেমি
কোটবাড়ী, কুমিল্লা

**জাতীয় শুদ্ধাচার কৌশল বাস্তবায়নের লক্ষ্যে বার্ডে গঠিত নৈতিকতা কমিটির ৩য় সভার উপস্থিতি**

তারিখ: ২৫ মার্চ ২০২১ খ্রিস্টাব্দ
সময়: বিকাল ০৩:০০ টা
স্থান: মহাপরিচালক মহোদয়ের অফিস কক্ষ

**সভাপতিঃ জনাব মোঃ শাহজাহান, মহাপরিচালক, বার্ড ও সভাপতি, নৈতিকতা কমিটি**

**উপস্থিতিঃ**

| ক্রমিক নং | নাম ও পদবী | স্বাক্ষর |
|---|---|---|
| ০১। | মোঃ সফিকুল ইসলাম<br>পরিচালক (পল্লী অর্থনীতি ও ব্যবস্থাপনা), বার্ড; | [স্বাক্ষর] ২৫/৩/২০২১ |
| ০২। | জনাব রঞ্জন কুমার গুহ<br>যুগ্ম পরিচালক (প্রশিক্ষণ); | [স্বাক্ষর] ২৫/৩/২১ |
| ০৩। | জনাব আবদুল্লাহ আল হুসাইন,<br>উপ-পরিচালক (পল্লী অর্থনীতি); | [স্বাক্ষর] 25/03/2021 |
| ০৪। | জনাব আবু তালেব,<br>উপ-পরিচালক (উন্নয়ন যোগাযোগ), বার্ড; | A Taleb ২৫/০৩/২০২১ |
| ০৫। | জনাব ফারুক হোসেন,<br>সহকারী পরিচালক (ক্রীড়া), বার্ড; | [স্বাক্ষর] 25/03/2021 |